বাগেরহাটে শেখ হেলাল উদ্দীনের মায়ের সুস্থ্যতা কামনায় দোয়া মাহফিল

বাগেরহাট-১ আসনের সংসদ সদস্য শেখ হেলাল উদ্দীনের মাতা এবং বাগেরহাট-২ আসনের সংসদ সদস্য শেখ তন্ময়ের দাদী রাজিয়া নাসের’র সুস্থ্যতা কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বাগেরহাট সদর উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে সোমবার আসরের নামাজের পর ঐতিহাসিক ষাটগুম্বুজ মসজিদে এই দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া মাহফিলে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বাগেরহাট সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও ষাটগুম্বুজ ইউপি চেয়ারম্যান শেখ আক্তারুজ্জামান বাচ্চু, সাধারন সম্পাদক ও যাত্রাপুর ইউপি চেয়ারম্যান আব্দুল মতিন, যুগ্ন- সম্পাদক এ্যাড. সেলিম আজাদ, আওয়ামী লীগ নেতা বেগ ইমদাদুল বাচ্চু, হায়দার মোড়ল প্রমুখ। দোয়া পরিচালনা করেন ষাটগুম্বুজ মসজিদের খতিব মাওঃ হেলাল উদ্দীন মাতুব্বর।

দোয়া মাহফিলে বাগেরহাট সদর উপজেলার বিভিন্ন ইউনিয়ন আওয়ামী লীগের সভপতি সাধারন সম্পাদকসহ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।
বাগেরহাট-১ আসনের সংসদ সদস্য শেখ হেলাল উদ্দীনের মাতা এবং বাগেরহাট-২ আসনের সংসদ সদস্য শেখ তন্ময়ের দাদী রাজিয়া নাসের বর্তমানে সিঙ্গাপুর একটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।